R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-৩৩৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৩৬শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৮ই মাঘ বুধবার, ১৩৯৫ সাল।
১লা ফেব্রুয়ারী, ১৯৮৯ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## বার্ধক্য দশা থেকে খড়খড়ির অন্তর্জলি যাত্রা

বিশেষ প্রতিবেদক : রঘুনাথগঞ্জের খড়খড়ি নদীর শেষ দশা উপস্থিত। এককালে এই নদী জঙ্গিপুরের অধিবাসীদের ক্ষেত খামারে সেচের জল সরবরাহ করে তাঁদের জীবন ধারণের প্রধান সহায় ছিল। বহু মানুষ খড়খড়ির জল বন্দোবস্ত নিয়ে মাছের কারবারে নিজেদের পরিবার পরিজন প্রতিপালন করতেন। ছিপে সারা বছরের মাছ ধরার টিকিট বিক্রি করে সরকারেরও ভাল আয় হতো। কিন্তু বেশ কয়েক বছর ধরে খড়খড়ির বার্ধক্য দশা শুরু হয়েছে। এখন তার অন্তর্জলি যাত্রার ক্ষণ উপস্থিত। সময়ে সব কিছুই নিশ্চিহ্ন হয়। নদী মজে যায়, তার গতি পাল্টায়, চড়া পড়ে। তাকে বাঁচিয়ে রাখার চেষ্টা করে সরকারী প্রশাসন তার তীরে তীরে বসবাসকারীদের প্রাণের রসদ যোগাড়ে সাহায্য করতে। কিন্তু এখানে উল্টোটাই ঘটছে দেখা যায়। সরকারী কর্তা ব্যক্তিরা খড়খড়ি তীরে বাস করা গরীব মানুষদের কথা ভাবছেন বলে মনে হয় না। বরং তাঁরা স্বার্থান্বেষীদের মদত দিচ্ছেন গোপন অর্থের বিনিময়ে। উত্তর দিকে বন্যা নিয়ন্ত্রণে খড়খড়িতে একবার বাঁধ দেওয়ার প্রয়োজন হয়েছিল। কিন্তু আজ সে প্রয়োজন শেষ হলেও বাঁধ খুলে খড়খড়িকে প্রবাহমানা করা হয়নি। ফলে নদীর জলধারা রুদ্ধ হয়ে খড়খড়ি আজ মজা নদীতে পরিণত হয়েছে। এই সুযোগে ধীরে ধীরে তার বিভিন্ন অঙ্গে বাঁধ তুলে, নদী গহ্বরে মাটি ফেলে ভর্তি করে কিছু সুযোগ সন্ধানী মানুষ নিজেদের আখের গুছিয়ে নিচ্ছেন। কেউ বা সরকারী বন্দোবস্তের সুযোগ নিয়ে মজা নদীতে বাঁধ দিয়ে মাছের পুকুর বানিয়ে ফেলছেন। সে বন্দোবস্তের টাকা সরকারী তহবিলে জমা পড়ছে কিনা তাও সন্দেহজনক। পংসাওয়ালারা ( শেষ পৃঃ দ্র )

## নামকোওয়াস্তে বিদেশ—বাংলাদেশে যাতায়াত বাধাহীন !

ধুলিয়ান : স্থানীয় অঞ্চলের বিস্তীর্ণ সীমান্তে ভারত বাংলাদেশে যাতায়াতে কোন বাধা নিষেধ আছে বলে মনে হয় না। সীমান্ত পুলিশের কার্যাবলী দেখে মনে হয় তাঁরা শুধু অর্থ রোজগারের জন্যই ওখানে রয়েছেন। বিভিন্ন গোপন চক্র যাতায়াতের জন্য মানুষজনের কাছ থেকে টোল আদায় করে সেই আয়ের একটা মুখ্য অংশ নাকি যায় সীমান্ত রক্ষীদের জেবে। সমসেরগঞ্জ থানার কাঞ্চনতলায় প্রতি সপ্তাহে শুক্রবার গরুর হাট বসে। সেখানে খরিদ্দারদের লক্ষ্য করলেই বোঝা যাবে তারা অনেকেই বাংলাদেশ থেকে আগত। তাদের কারবার গরুর হাটে গরু কিনে বাংলাদেশে চালান দেওয়া। স্থানীয় একটি মহল এই সমস্ত গরু ও তাদের মালিকদের রাত্রিবাস, গোপাচারের সুষ্ঠু ব্যবস্থাদি করে দেন অর্থের বিনিময়ে। ধুলিয়ানে এই বাংলাদেশী মানুষদের আগমনের ফলে হোটেল ব্যবসায়ে বেশ রমরমা অবস্থা। খাসির মাংস এক প্লেটের দাম নাকি দশ টাকা। অন্যান্য মাংসও বিক্রি হয় গোপনে কেন না পুরসভায় সব রকম মাংস বিক্রির কোন লাইসেন্স দেওয়া হয়নি। তদন্তে জানা যায়, এখানে হোটেলগুলিতে নিয়মিত গোমাংসের সরবরাহ দেন জঙ্গিপুরের জনৈক ব্যক্তি। তিনি এবং তাঁর সহকারীরা এই সহজ সীমান্ত পথেই বিড়ি পাতা, তামাক, গরুর চামড়া ইত্যাদি বাংলাদেশে চালান দিয়ে দু'পয়সা করে নিচ্ছেন। স্থানীয় বেশ কিছু ব্যবসায়ীও রাতারাতি আঙুল ফুলে কলাগাছ হয়েছেন। শোনা যাচ্ছে এখন এই পথ দিয়েই নাকি বাংলাদেশে চাল পাচার হচ্ছে। ফলে জঙ্গিপুরের মিঞাপুর ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## মোটর সাইকেল থামিয়ে লক্ষাধিক টাকা ছিনতাই

ফরাক্কা : গত ২৮ জানুয়ারী সকাল সাড়ে নটা নাগাদ এই থানার বল্লালপুর রেল ক্রসিং এর কাছে রাস্তায় চেন ফেলে একটি মোটর সাইকেল আটকিয়ে লক্ষাধিক টাকা ছিনতাই হয় বলে খবর। প্রকাশ, ধুলিয়ানের জনৈক ঠিকাদার দিলীপ জৈন তাঁর ভাইপোকে নিয়ে মোটর সাইকেলে ফরাক্কা অভিমুখে যাবার সময় এই ঘটনা ঘটে। চারজন (শেষ পৃঃ দ্রঃ)

## ভোজের আসরে গুলিবিদ্ধ হয়ে নিহত

অরঙ্গাবাদ : গত ২৬ জানুয়ারী সন্ধ্যা সাড়ে ছ'টা নাগাদ সুতি থানার গাঙ্গিন গ্রামে গৌরাঙ্গ দাসের বাড়ীতে বিয়ের ভোজের আসরে গুলিবিদ্ধ হয়ে ঐ গ্রামের ধীরেন্দ্রনাথ দাস ঘটনাস্থলে নিহত হয়। ধীরেনের দু'পাশে বসে থাকা দু'টি বাচ্চা ছেলেমেয়েও আহত হয়। গুলি ছুঁড়ে দুষ্কৃতকারী পালিয়ে যায়। পুলিশ সূত্র প্রকাশ, গ্রাম্য দলাদলি এই মৃত্যুর কারণ। নিহত ধীরেন্দ্রনাথ দাস একজন কুখ্যাত সমাজবিরোধী। তার বিরুদ্ধে ৭৯ সালে দুটি এবং ৮১ সালে একটি অভিযোগ ছিল বলে পুলিশ জানায়।

## এন টি পি সির খোয়া যাওয়া ৭০ হাজার টাকার মাল উদ্ধার

নবারুণ পয়েন্ট : ফরাক্কা সুপার থারমাল পাওয়ার প্রোজেক্টের অন্ধুয়া সাইডে ব্রিজ নির্মাণের প্রয়োজনে বেশ কিছু পরিমাণ ষ্টিল প্লেট রাখা হয়। তার মধ্য থেকে ২৫টি প্লেট গত ১৩ জানুয়ারী রাত্রে চুরি যায় বলে এন টি পি সি কর্তৃপক্ষ ফরাক্কা থানায় অভিযোগ করেন। পরে ১৫ জানুয়ারী শিলিগুড়িতে একটি ট্রাক ( AMN 2578 ) থেকে খোয়া যাওয়া ঐ প্লেটগুলো নামানোর (শেষ পৃঃ দ্রঃ)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৮ই মাঘ বুধবার ১৩৯৫ সাল

## প্রজাতন্ত্র দিবস

২৬ জানুয়ারী, ভারতের সাধারণতন্ত্র দিবস। বস্তুতঃ সাধারণতন্ত্র দিবস বিশেষ তাৎপর্যবাহী। ১৯৫০ সালের এই দিনটিতে সংবিধান চালু হয় এবং ভারতের প্রতি নাগরিককে অধিকার প্রদানের অঙ্গীকারের কথা ঘোষণা করা হয়। প্রতিটি নাগরিক রাষ্ট্রপরিচালনার জন্য ভোটাধিকার লাভ করিয়াছে। তাই ভারতের শাসন ব্যাপারে ভারতের জনগণের একটি বিশিষ্ট ভূমিকা আছে। তাহা ছাড়া নাগরিকদের কর্ত্তব্যও এই উপলক্ষে ঘোষিত হয়। পূর্বে এই ২৬ জানুয়ারী স্বাধীনতা দিবসরূপে উদ্‌যাপিত হইত। তখন ইংরাজ শাসনের বিরুদ্ধে আন্দোলনের যুগ। স্বাধীনতা প্রাপ্তির পর এই দিনটিকে সাধারণতন্ত্র দিবসরূপে ঘোষণা করা এবং উদ্‌যাপন করা খুবই যুক্তিযুক্ত হইয়াছে। পরম পরিতাপের কথাঃ বিচ্ছিন্নতাবাদ আজ মাথা চাড়া দিয়াছে ভারতের বিভিন্ন অঞ্চলে। এই ইঙ্গিত লইয়া আমরা ১৯৮৩ সালে আমাদের পত্রিকায় আলোচনা করিয়াছিলাম। আজ তাহার রূঢ় বাস্তবরূপ দেখা যাইতেছে পাঞ্জাবে, ঝাড়খণ্ড অঞ্চল প্রভৃতি স্থানে। পাঞ্জাবে উগ্রপন্থীদের হাতে প্রতিনিয়ত প্রাণ হারাইতেছেন এক বা একাধিক জন। ঝাড়খণ্ড লইয়া কিছু মানুষ ভারতকে যেন চ্যালেঞ্জ দিয়াছে।

ভারতের অভ্যন্তরে থাকিয়া ভারতেরই ক্ষতিসাধনের হীন প্রয়াস। অথচ তাহার উপযুক্ত মোকাবিলা করিবার সেই দৃঢ় হস্ত কোথায়? তাই শুধু অনুষ্ঠানাদি করিয়া এই দিনটি উদ্‌যাপন করিলেই চলিবে না। ভারতের প্রতিটি নাগরিককে নিজ নিজ কর্তব্য সম্বন্ধে সজাগ ও সচেতন থাকিতে হইবে। যে সব অশুভ শক্তি দেশের পক্ষে ক্ষতিকারক; তাহার বিরুদ্ধে সকলকে রুখিয়া দাঁড়াইতে হইবে। দেশের মধ্যে বিচ্ছিন্নতাবাদের অশুভ মনোবৃত্তি ও ক্রিয়াকলাপকে উৎখাত করিতে হইবে। সংহত কর্মশক্তি দিয়া দেশের শক্তিবৃদ্ধি করিবার প্রয়োজন আসিয়াছে। যে সব বহিঃশক্তি ভারতকে দুর্বল করিতে চেষ্টিত, তাহার বিরুদ্ধে দলমত নির্বিশেষে দাঁড়াইতে হইবে। প্রতিটি মানুষকে আজ মনে রাখিতে হইবে যে, ক্ষুদ্র আত্মস্বার্থবোধ অপেক্ষা দেশ বড়।

## আবোল-তাবোল

### ঘুষ

বকরূপী যক্ষ যদি প্রশ্ন রাখতেন, বিশ্বসংসারে সর্বাপেক্ষা সুস্বাদু বস্তু কী? গেঁজেল বলত গাঁজা, মাতাল বলত স্কচ, মেয়েরা বলত তেঁতুলের আচার আর যুধিষ্ঠির বলতেন ঘুষ। ঘুষ খাওয়ার মত আরাম আর কিসে? কোন পরিশ্রমের ঝক্কি নেই, বাঁ হাতটি বাড়িয়ে দিলেই ব্যস!

কে না ঘুষ খায়—দেবতা, দানব মনুষ্য! পুজোর নামে ঘুষ না দিলে দেবতার আঙুল গলে দয়া চুঁইবে? মানত করা তো ঘুষেরই নামান্তর। প্রাণের ভয়ে ব্রহ্মা-বিষ্ণু মহেশ্বর দানবদের ঢালাও বর বিলিয়ে নিজেরাই বেকায়দায় পড়েছিলেন, সেগুলি ঘুষ ছাড়া আর কী? আর মনুষ্য? ঘুষ ছাড়া তাঁরা একটি পা ফেলবেন না। হয় দাও, নয় নাও। ইদানীং শিক্ষকদের কাছেও আসছে প্রলোভন—পরীক্ষার খাতার মধ্যে একশ টাকার নোট পিন দিয়ে সাঁটা, পরীক্ষককে সেটি পকেটস্থ করে পাশ করিয়ে দেবার আহ্বান। পিওন-কেরাণী থেকে সাহেবসুবো পর্যন্ত ঘুষের পাগড়িটি না পেলে কুটো ভেঙে দুটো করবেন না। পিওনের ঘুষের নাম বখশিস, কেরাণীবাবুদের জলপানি, বড়বাবুর মিষ্টিমুখ আর ছোট বড় সাহেবদের সাহেবী নাম কমিশন। টু পার্সেন্ট অগ্রিম ব্যাকপেমেন্ট না হলে বিল সইই হবে না। কোন দরাদরির ব্যাপার নেই। আগের সাহেবদের আমল থেকেই চলে আসছে যে!

ট্রেনে চলেছেন। আপনি ছাপোষা গেরস্থ, সাহসের অভাবে একটা টিকিটও কেটেছেন। চেকারমশাই আপনার দিকে এমন তাচ্ছিল্য ভরে তাকাবেন, যেন আপনি এক যেকলু পার্টি। আর আপনার চোখের সামনেই বিনে টিকিটের প্যাসেঞ্জারদের জামাই আপ্যায়ন। কুশল সংবাদ, ফষ্টিনষ্টির লেনদেন চলছে। 'এই যে টিটিবাবু, কদিন দেকিনি!' 'হ্যাঁরে, বিয়ে ছিল।' 'কার, আপনার?' খ্যা খ্যা! নারে, মেয়ের।' তা কেমন বোধ করচেন?' 'সর্বস্বান্ত হওয়ার যে কী আরাম!' 'কী রকম?' 'রোজগার দুহাতে তো কম করিনি, ট্যারা মেয়ে এক ধাক্কায় সব ধ্বসিয়ে বেরিয়ে গেল। এবার কটাদিন একটু হাত খুলে ঝাড়িস বাপ!' আবার ফুলে ফেঁপে ওঠার পরিকল্পনা। এই চেকারি আর দারোগাগিরির মত চাকরি হয় না। মাইনে না দিলেও কুছ পরোয়া নেই। এক বৃদ্ধা বিচারে খালাস পেয়ে জজ সাহেবকে পরের জন্মে দারোগা হবার আশীর্ব্বাদ করেছিলেন, সে গল্প তো সবার জানা।

আমাকে একজন ঝানু ব্যবসায়ী সেদিন তেড়েমেরে বললেন, 'লিখুন তো মশায় কাগজে অমুক থানার ফণী দারোগার বড় খাঁই বেড়েছে।' আমি বললুম, 'সামাল দিতে পারছেন না?' সে কথার উত্তর না দিয়ে তিনি বললেন, 'আপনাদের কলমের এক খোঁচায় ঘুষখোর পুলিশরা টিট হয়ে যাবে।' আমি জবাব দিলুম, 'আমরা লিখি সংবাদ। গরু ঘাস খায়, বাঘ মাংস খায়, পুলিশ ঘুষ খায়—এ সব খবরের কোন আইটেমই নয়। যদি কোন পুলিশ ঘুষ না খায়, জানাবেন। আমরা উপযুক্ত ব্যবস্থা নেব।'

সে খবরও এল। একটি সভায় শুনলুম, এক কনেষ্টবলকে জবরদস্তি সম্বর্দ্ধনা জানানো হচ্ছে। জোর করে সম্বর্দ্ধনা? অদ্ভুত ঠেকল। হাজির হলুম। দেখলুম, কনেষ্টবলটিকে মঞ্চের ওপর প্রায় ঠেসে রেখে দেয়া হয়েছে। ভদ্রলোক কী যেন আপত্তি করতে চাইছেন বারবার। কে কার কথা শোনে। পাব্লিক থেকে এক এক জন ষ্টেজে উঠছেন আর মাইক খামচে ধরে আসর গরম করে দিচ্ছেনঃ কেউ বলছেন, ইনি দৈত্যকুলে প্রহ্লাদ,' কেউ হাঁকছেন 'গিনেজ বুক অফ রেকর্ডসে এঁর নাম ওঠা উচিত, বিশ্বের প্রথম পুলিশ—যিনি কখনও ক্যাশে বা কাইণ্ডসে ঘুষ খাননি।

আমি নড়েচড়ে বসলুম। অ্যাদ্দিনে একটা আসল সংবাদ জুটল। শেষ পর্যন্ত হাতপা ছড়িয়ে সম্বর্দ্ধনার উত্তর দিতে দাঁড়ালেন কনেষ্টবলটি। লম্বায় প্রায় ছ'ফুট, পেটা স্বাস্থ্য। পুলিশে উন্নতি করবার মত চেহারা। তিনি সংক্ষেপে জানালেন, ঘুষ খাননি সত্যি কিন্তু সম্বর্দ্ধনায় যোগ্যও তিনি নন। কী রকম? উনি বললেন, তিনবারে মাধ্যমিক পাশের পর আর লেখাপড়া হয়নি। গরীবের ছেলে। কোন কাজ না পেয়ে অগত্যা পকেটমারি, চুরিচামারি করে সংসার চালাতেন। পড়াশুনোয় নিরেট হলেও এ বিদ্যের হাতটি এমন পেকেছিল পুলিশ কোনদিন টিকিটিও ছুঁতে পারেনি। আসলে যার প্রতিভা যে দিকে। কিন্তু কি কুক্ষণে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখানো ছিল। হঠাৎ পুলিশ লাইনে ডাক পেয়ে মাপজোক দিয়ে একেবারে চোর পাকড়ানো চাকরি। স্বভাব যায় না মলে। চাকরি নিলেন, কিন্তু চুরিটা ছাড়তে পারেননি। যে ফাঁড়িতে যখন থাকেন অভ্যাসবশে সহকর্মীদেরই পকেট কাটেন, তাঁদের মূল্যবান বস্তুতে চক্ষুদান করেন নিছক অভ্যাসেই। এবং ঐ সব কাজে এত ব্যস্ত থাকতে হয়, ঘুষ খাবার সময়ই পান না বা দরকারও (৪র্থ পৃষ্ঠায়)

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN: DIST. MURSHIDABAD (W. B.)
PIN: 742236

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railway/WBSEB and Public Sector Undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs 20.00 (Rupees twenty only) extra for each work either by I.P.O, payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of National Thermal Power Corporation Ltd. payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 24-1-89 to 13-2-89 between 9-00 to 12-00 hours, and 14-30 hours to 16-00 hours on all working days. Tender will be received upto 3-00 p. m. of the tender opening date and will be opened as indicated below in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx value of work | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Annual maintenance work for field hostel and VIP guest house complex of FSTPP. NIT no. FS : 42 : CS : 693/T-1/89 | 5.75 lakhs | Rs. 11,500/- Rs. 50/- | 12 months | 14-2-89 at 3 p.m. |
| 2. | Annual maintenance work of buildings in ty. township, CISF complex and HCC colony. NIT no FS : 42 : CS : 697/T-2/89 | 4.25 lakhs | Rs 8,500/- Rs. 50/- | 12 months | 14-2-89 at 4 p. m. |
| 3. | Annual maintenance of water supply, drainage and sanitary and operation of pump in ty. township, CISF complex and HCC colony. NIT no, FS : 42 : CS : 692/T-3/89 | 2.0 lakhs | Rs 4 000/- Rs [illegible]0/- | 12 months | 14-2-89 at 5 p m. |
| 4. | Sinking of 2 nos. deep tube-wells and developing of 2 nos. existing tube-wells in field hostel complex of FSTPP. NIT no. FS : 42 : CS : 691/T-4/89 | 2.0 lakhs | Rs. 4 000/- Rs 50/- | 4 months | 15-2-89 at 3 p. m. |
| 5, | Drinking water supply system including civil, mechanical & electrical works complete at permanent guest house of FSTPP. NIT no. FS : 42 : CS ; 698/T-5/89 | 0 75 lakh | Rs. 1,500/- Rs. 25/- | 4 months | 15-2-89 at 4 p. m. |
| 6. | Construction of 4 nos. community garrage near 'B' type hostel at perm. township of FSTPP. NIT no. FS : 42 ; CS : 1584/T-6/89 | 0.6 lakh | Rs. 1,200/- Rs. 25/- | 3 months | 15-2-89 at 5 p. m. |
| 7. | Miscellaneous works in ty. township of FSTPP. NIT no. FS : 42 : CS : 699/T-7/89 | 1.40 lakhs | Rs. 2,800/- Rs. 50/- | 6 months | 16-2-89 at 3 p. m, |

(Contd. 4 page)

(From 3rd. page)

| Sl. No. | Name of work | Approx value of work | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 8. | Soil investigation for stage-III (1×500MW) area of FSTPP. NIT no. FS : 44 : CS : 6001/T-8/89 | 0.6 lakh | Rs. 1200/- Rs. 25/- | 6 months | 16-2-89 at 4 p.m. |
| 9. | Removal of existing L. P. & H. P. ash water pipe lines and re-eraction of the same in Ash Handling system of FSTPP. NIT no. FS : 42 : CS : 1088/T-9/89 | 2.0 lakh | Rs. 4000/- Rs. 50/- | 3 months | 16-2-89 at 5 p. m. |

## Terms & Conditions :

1. Proof of registration, latest IT, ST & Professional Tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit site to famijiarise with the site conditions.
3. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money in prescribed form, earnest money of Rs..............enclosed should clearly be written on the top of envelope containing tenders paper, failing which the tender(s) may not be opened and will be returned to be tenderer(s).
4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer reserves the right to cancel any or all the offers without assigning any reason.

**Deputy Manager (Contracts)**
F.S.T.P.P./N.T.P.C

## প্রজাতন্ত্র দিবস পালন

ধুলিয়ান, ২৬ জানুয়ারী : আজ এখানে নানা অনুষ্ঠানের মধ্যে প্রজাতন্ত্র দিবস পালন করা হয়। বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের স্বামী বিবেকানন্দের বাণী ও দেশাত্মবোধক গান সহযোগে ট্যাবলো এবং ইন্দিরা গান্ধীর স্মৃতিতে মূর্চ্ছনা সংগীত মহাবিদ্যালয়ের ট্যাবলো শহরবাসী বেশ উপভোগ করেন। 'মূর্চ্ছনা-র শিক্ষক বীরেন হাজারীর স্বরচিত ইন্দিরা গান্ধী, নেতাজী এবং স্বামী বিবেকানন্দের উদ্দেশ্যে গান ছাত্রীরা পরিবেশন করেন। শহীদ নলিনী স্মৃতি-সংঘের ক্লাব সভ্যরা শহীদ নলিনী বাগচী এবং নেতাজীর আবক্ষ মূর্তিতে মাল্যদান করেন। ইয়ংস গ্রুপের সভ্যরা মহাপুরুষদের প্রতিকৃতি ক্লাব প্রাঙ্গণে সাজিয়ে মাল্যদান এবং পতাকা উত্তোলন করেন।

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের জুনিয়ার বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ২৩ জানুয়ারী মিঠিপুর ফুটবল ময়দানে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সি পি এমের স্থানীয় নেতা মৃগাঙ্ক ভট্টাচার্য এবং বিশেষ অতিথি ছিলেন ২নং ব্লকের বিডিও সেলিম পটুয়া এবং পঞ্চায়েত সমিতির সভাপতি মহঃ গিয়াসুদ্দিন।

ব্লকের মোট ১১টি স্কুলের মধ্যে ২টি স্কুল বিশেষ কারণে এই প্রতিযোগিতায় যোগ দেননি বলে জানা যায়। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, ছাত্রছাত্রীদের টিফিন ছিল নিম্নমানের এবং বিজয়ীদের শুধুমাত্র সার্টিফিকেট দেওয়ায় ছোট ছোট ছেলে মেয়েরা হতাশ হয়েছে। অবশ্য পঞ্চায়েত সমিতি বার্ষিক প্রতিযোগিতার ব্যবস্থা করায় স্থানীয় অভিভাবকেরা সমিতির কর্মকর্তাদের কাজের প্রশংসা করেন।

## পুলিশ প্রশাসন ঘুমোচ্ছে

সাগরদীঘি : মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন গ্রামে চুরি নিত্য-নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। গত ১২ জানুয়ারী একই রাত্রে মনিগ্রাম ডাক্তারখানা বাসষ্ট্যাণ্ডের শিবরাণী ওষুধের দোকানের কয়েক পেটি ওষুধ, ইলেকট্রিক কল সেণ্টারের গণেশ মাহাতোর সাইকেল, সি পি এম অফিসের বেশ কিছু জিনিষ এবং ফড়িং সেখের কাপড়ের দোকানের কাপড় ও একখানি সাইকেল চুরি হয়। ১৪ জানুয়ারী চাঁদপাড়ার আদিবাসী গ্রামের শিবু হেমব্রমের বাড়ী থেকে একজোড়া বলদও চুরি যায়। কোন চুরিরই আজ পর্যন্ত কোন হদিস পুলিশ করতে পারেনি।

## ঘুষ

(২য় পৃষ্ঠার পর)

হয় না। অতএব জবরদস্তি এই সম্বর্দ্ধনা তাঁর কাছে বড়ই বিড়ম্বনা। তবে তিনি আর চুরিচামারি করতে চান না। তাঁর বিশেষ অনুরোধ, এবার থেকে পাব্লিক যেন তাঁকেও নিয়মমাফিক ঘুষ দিয়ে সৎ জীবনযাপন করতে সাহায্য করেন।

—রতন দাস

## আইনের পরামর্শদান আলোচনা সভা

রঘুনাথগঞ্জঃ জঙ্গিপুর মহকুমা শাসকের উদ্যোগে গত ১১ জানুয়ারী রঘুনাথগঞ্জ ১নং পঞ্চায়েত সমিতির অধীন বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয়ে আইনগত সাহায্যদান বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি নির্মলকুমার মনিয়া। প্রধান অতিথি ছিলেন জেলা আইনগত সাহায্যদান কমিটির সম্পাদক এস, বি, মুখার্জী। বিশেষ অতিথি ছিলেন বাড়ালা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহঃ সোহরাব। উদ্বোধনী ভাষণ দেন ১নং পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক এস, কে, সেনগুপ্ত। প্রধান অতিথির ভাষণে এস, বি, মুখার্জী বলেন—পশ্চিমবঙ্গের যে সব অধিবাসীর মোট বার্ষিক আয় গ্রামাঞ্চলে ৫০০০ টাকা এবং শহরাঞ্চলে ৭০০০ টাকার বেশী নয় তাঁরা আইন সংক্রান্ত পরামর্শ সমেত সব রকম সাহায্য সরকারের কাছে পেতে পারেন। সামাজিক ও আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষ যাতে কোনভাবে বঞ্চিত না হন এবং ন্যায় বিচার পান এবং তাঁদের আইনগত অধিকার সম্বন্ধে সচেতন হন সেইজন্যই সরকার তাঁদের বিনামূল্যে আইনগত সাহায্য দানের ব্যবস্থা করেছেন। বিশেষ অতিথির ভাষণে মহঃ সোহরাব ভাগচাষ মোকর্দমায় আইনজীবীদের প্রবেশাধিকার নাই এই ব্যবস্থার পরিবর্তন হওয়া উচিত বলে মন্তব্য করেন। এছাড়াও অন্যান্য বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন মহকুমা শাসক আর, এস, শুক্লা ও বিচারপতি বীরেন্দ্রনাথ বিশ্বাস।

(মহকুমা তথ্য)


## বসতবাটী বিক্রয়

জঙ্গিপুর সাহেববাজারে ফাঁড়ির সন্নিকট সদর রাস্তার উপর উত্তম পরিবেশে ১০ (দশ) শতক জমির উপর ত্রিতল বসতবাটী ব্যাঙ্ক, পোষ্টাফিস, ব্যবসা এবং বাসগৃহের উপযুক্ত বিক্রয় হইবে।

যোগাযোগ করুন—
শ্রীবিশ্বনাথ আগরওয়ালা
জঙ্গিপুর, সাহেববাজার


## লক্ষাধিক টাকা ছিনতাই

(১ম পাতার পর)

দুষ্কৃতকারীরা শ্রীজৈনের ব্যাগটি কেড়ে নিয়ে পালিয়ে যায়। ব্যাগে এক লক্ষ চারশ পঞ্চাশ টাকা ছিল। তাঁদের জবানবন্দী মতো পুলিশ হাজারপুরের লুৎফল ও ব্রাহ্মণীগ্রামের মোস্তাজুলের বাড়ী খানা তল্লাশী করে। লুৎফলের বাড়ী থেকে একটি পাইপগান ও কিছু গুলি পুলিশ উদ্ধার করে। এখন পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

## অন্তর্জ্জলি যাত্রা

(১ম পাতার পর)

খড়খড়ির মৃতদেহের দৌলতে পিশাচসিদ্ধ তান্ত্রিক হয়ে ক্ষমতাবান হচ্ছেন, আর দুর্দশাগ্রস্ত হয়ে পড়ছেন তীরবর্তী গ্রামের দরিদ্র অধিবাসীরা। দূষিত জলপানের ফলে রোগ ছড়াচ্ছে ঝরে পড়ছে কত সতেজ প্রাণ। সেচের জলের অভাবে চাষের জমির ফসল শুকিয়ে গিয়ে চাষীর সর্বনাশ ঘটাচ্ছে। নদীর বুকে কচুরীপানার জন্ম বৃদ্ধি করছে সাপের গতায়াত। তীরবর্তী গ্রামগুলিতে সর্পদংশনে মৃত্যু হার বাড়ছে। সরকারী কর্তারা সব জেনেশুনেও চাঁদির জুতোর কাছে মাথা নীচু করে আছেন। পশ্চিম বাংলায় সর্বহারা দরদী বামফ্রন্ট সরকারের শাসন চলছে সুদীর্ঘ পনের বছর ধরে। এই পনের বছরে খড়খড়ির তীরের গরীব সর্বহারা বাসিন্দারা সর্বস্ব হারাতে বসেছেন। তাঁদের দুর্দশা দূর করার কেউ নেই।

## যাতায়াতে বাধাহীন

(১ম পাতার পর)

চাল পট্টিতে মাঝে মধ্যে চালের আকাল দেখা দিচ্ছে এবং চালের এই মরশুমেও বাজার দর ৪ টাকা ৪-৫০ পঃ কেজি দাঁড়িয়ে আছে। কিন্তু চোরাচালান বন্ধে প্রশাসন নির্বিকার। জঙ্গিপুরের নবাগত মহকুমা শাসকও এ ব্যাপারে খুব একটা সক্রিয় বলে মনে হয় না। পুরোনো আমলারাও তাঁকে এ সব ঘটনা জানিয়ে সজাগ করতে মোটেই সচেষ্ট নন।


## বাস্তু জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরে হাসপাতাল হইতে ষ্টেট ব্যাঙ্ক যাওয়ার পথে প্রফেসার অনিল চৌধুরীর বাড়ির নিকট পিচ রাস্তার উপর ১০ শতক বাস্তুজমি বিক্রয় হইবে।

যোগাযোগ করুন—
১। অধ্যাপক অনিল চৌধুরী, রঘুনাথগঞ্জ
২। অধ্যাপক অনুপ ঘোষাল, মির্জাপুর


## ৭০ হাজার টাকার মাল উদ্ধার

(১ম পৃষ্ঠার পর)

সময় ওখানকার পুলিশ সন্দেহজনকভাবে ট্রাক ড্রাইভার, খালাসি ও ট্রাকের দু'জন আরোহীকে গ্রেপ্তার করে জঙ্গিপুরে ম্যাসেজ পাঠালে ফরাক্কা পুলিশ ঘটনাস্থল থেকে ট্রাকসহ আসামীদের এখানে নিয়ে আসে। খোয়া যাওয়া প্লেটের আনুমানিক মূল্য সত্তর হাজার টাকা। আসামীদের মধ্যে ইমামনগরের আরসাদ সেখ ও পাকুড়ের লছমন সিং ছিল। পুলিশ ট্রাক মালিক উমরপুরের হোটেল ব্যবসায়ী নাজু সেখের ভাই বাসেদকে গত ২৯ জানুয়ারী এই ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে গ্রেপ্তার করে।


যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

ফ্রি সেলে নন লেভি এ সি সি এল এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি কোম্পানীর অনুমোদিত ডিলার

ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

বিয়ের মরশুমে প্রিয়জনকে শ্রেষ্ঠ উপহার একটি ষ্টীল আলমার দেওয়ার কথা নিশ্চয়ই ভাবছেন। আসুন, "সেনগুপ্ত ফার্ণিচার হাউসে" আপনার পছন্দমত জিনিষটি দেখে নিন। প্রতিটি জিনিষেই পাবেন বিক্রয়োত্তর সেবা।
সেনগুপ্ত ফার্ণিচার হাউস
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপাত চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।